



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ওএম/৪৫সি-১/২০১১ ২০২৮

তারিখ: ২৭/১২/২০২০ খ্রি.

বিষয়: বাকেরগঞ্জ সরকারি কলেজ, বাকেরগঞ্জ, বরিশাল এর জমিজমা সংক্রান্ত মামলা পরিচালনার অনুমতি প্রসঙ্গে।

সূত্র: অত্র অধিদপ্তরের আইন শাখার ১৯.০২.২০২০ তারিখের নোটাংশ, নথি নং ৩৭.০২.০০০০.১১১.৩৩.৩৮৯.২০১৯, তারিখ: ২৭.০১.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন বাকেরগঞ্জ সরকারি কলেজ এর বিরুদ্ধে জনাব মো: রুস্তম আলী হাওলাদার, পিতা মৃত লেহাজ উদ্দিন হাওলাদার, গ্রাম: রুনসী, ডাকঘর: রুনসী, থানা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল ৭০ (সত্তর) শতাংশ জমি অধিগ্রহণ বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৩৯৬৭/২০১৯ দায়ের করেন। গত ২৭/১২/২০১৯ তারিখে রিট পিটিশনের আদেশে পিটিশনারকে কেন উক্ত জমি অধিগ্রহণ করে সঠিক মূল্য প্রদান করা হবে না- মর্মে Respondent-দের প্রতি কারণ দর্শানোর রুল ইস্যু হয়। বর্ণিত রিট পিটিশনে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও অধ্যক্ষ, বাকেরগঞ্জ সরকারি কলেজ, বাকেরগঞ্জ, বরিশালকে Respondent করা হয়।

০২। যেহেতু বর্ণিত মামলা সরকারি প্রতিষ্ঠানের জমির ক্ষতিপূরণ ও অধিগ্রহণ সংক্রান্ত সেক্ষেত্রে মামলা পরিচালনার জন্য অধ্যক্ষ, বাকেরগঞ্জ সরকারি কলেজ, বাকেরগঞ্জ, বরিশাল-কে (৩ নং Respondent) দায়িত্ব পালনের পাশাপাশি সরকারি স্থাবর সম্পত্তি রক্ষার্থে মামলা মোকদ্দমা পরিচালনা, প্রয়োজনে আপিল/রিভিউ দায়ের, দেশের সর্বোচ্চ আদালত তথা আইনের সর্বশেষ ধাপ পর্যন্ত যাওয়া, সংশ্লিষ্ট আদালতের সরকারি কৌসুলীর সাথে যোগাযোগ, সংশ্লিষ্ট ভূমি অফিস ও স্থানীয়/জেলা প্রশাসনসহ মাননীয় এ্যাটর্নী জেনারেলের সহিত যোগাযোগ করতে হবে। মামলা পরিচালনার লক্ষ্যে একজন বেসরকারি সিভিল আইনজীবী নিয়োগ দেয়া এবং মামলাসমূহ পরিচালনা ও আইনজীবীর সন্মানী ভাতা বাবদ ব্যয় কলেজের বেসরকারি তহবিল হতে নির্বাহ করা যাবে। জবাবদিহিতা নিশ্চিতসহ বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মামলা মোকদ্দমার হালনাগাদ তথ্য অধিদপ্তরকে অবহিত করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২০.১২.২০২০

(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)

ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ

বাকেরগঞ্জ সরকারি কলেজ
বাকেরগঞ্জ, বরিশাল।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। আইন কর্মকর্তা, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৬। সংরক্ষণ নথি। /net